# মাদরাসার সেই অধ্যক্ষ সাসপেন্ড

**নিজস্ব প্রতিবেদক, ঢাকা ও ফেনী ও সোনাগাজী প্রতিনিধি** ৮ এপ্রিল, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ৭ মিনিটে

Share 111



অ- অ অ+

ফেনীর সোনাগাজীতে পরীক্ষাকেন্দ্রে দুর্বৃত্তদের দেওয়া আগুনে দগ্ধ মাদরাসাছাত্রী নুসরাত জাহান রাফির অবস্থা সংকটাপন্ন। তার চিকিৎসায় গতকাল রবিবার ৯ সদস্যের মেডিক্যাল বোর্ড গঠন করেছে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইউনিট। চিকিৎসকরা বলছেন, রাফির শারীরিক অবস্থা যেকোনো দিকে মোড় নিতে পারে।

গত শনিবার সকালে সোনাগাজী ইসলামিয়া সিনিয়র ফাজিল মাদরাসা কেন্দ্রে আলিম পরীক্ষার্থী নুসরাত জাহান রাফিকে পরীক্ষা শুরুর আগে চারতলা ভবনের ছাদে ডেকে নিয়ে আগুন দিয়ে হত্যার চেষ্টা করে দুর্বৃত্তরা।

রাফি ওই মাদরাসারই শিক্ষার্থী। মাদরাসার অধ্যক্ষ তাঁর কক্ষে ডেকে নিয়ে রাফির শ্লীলতাহানি করেছেন—এমন অভিযোগে গত ২৭ মার্চ তাঁর মায়ের করা মামলায় অধ্যক্ষ সিরাজ উদ দৌলা এখন কারাগারে রয়েছেন। শনিবারের ঘটনায় অধ্যক্ষকে সাময়িকভাবে বরখাস্ত করেছে মাদরাসা কর্তৃপক্ষ। রাফিকে পুড়িয়ে হত্যাচেষ্টার ঘটনায় প্রধান সন্দেহভাজন হিসেবে অধ্যক্ষের অনুগত ও মাদরাসার সাবেক দুই ছাত্রের নাম উঠে এসেছে।

এ ছাড়া মাদরাসা কর্তৃপক্ষ রাফির চিকিৎসার জন্য দুই লাখ টাকা দেওয়াসহ কয়েকটি সিদ্ধান্ত নিয়েছে।

## জীবন সংকটে ফেনীর দগ্ধ ছাত্রী

প্রধান সন্দেহভাজন হিসেবে দুজনের নাম আসছে

■

দুই লাখ টাকা দেবে মাদরাসা কর্তৃপক্ষ

# ১৭ এপ্রিল পর্যন্ত ক্লাস বন্ধ

রাফির চিকিৎসায় মেডিক্যাল বোর্ড গঠন : ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইউনিটের আবাসিক চিকিৎসক পার্থ শঙ্কর পাল সাংবাদিকদের জানিয়েছেন, আগুনে নুসরাত জাহান রাফির শরীরের ৭৫ শতাংশ পুড়ে গেছে। এর মধ্যে ৪০-৪৫ শতাংশই গভীর। নিয়ম অনুযায়ী নল দিয়ে তাঁকে খাবার দেওয়া হচ্ছে। তাঁর অবস্থা আশঙ্কাজনক। তিনি আরো বলেন, 'এখনই কিছু বলা যাচ্ছে না। যেকোনো সময় যেকোনো পরিস্থিতি সৃষ্টি হতে পারে।' তবে তাঁরা রাফিকে বাঁচানোর চেষ্টা করছেন।

রাফির চিকিৎসায় গতকাল সকাল ১০টার দিকে বার্ন ইউনিটের অধ্যাপক ডা. রাইহানা আউয়াল সুমিকে প্রধান করে ৯ সদস্যের একটি মেডিক্যাল বোর্ড গঠন করা হয়েছে। বোর্ডে আরো রয়েছেন ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটের প্রতিষ্ঠাতা পরিচালক ও শেখ হাসিনা জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের জাতীয় সমন্বয়ক অধ্যাপক সামন্ত লাল সেন, অধ্যাপক আবুল কালাম, অধ্যাপক নওয়াজেস খান, অধ্যাপক লুৎফর কাদের, অধ্যাপক বিধান সরকার, অধ্যাপক মহিউদ্দিন, ডা. জাহাঙ্গীর আলম ও জহিরুল ইসলাম।

এদিকে গত রাত সাড়ে ৮টার দিকে শিক্ষামন্ত্রী দীপু মনি হাসপাতালে রাফিকে দেখতে যান। তার চিকিৎসার খোঁজখবর নেন মন্ত্রী। এ সময় তিনি বলেন, এ ঘটনায় যারা দায়ী তাদের বিচার অবশ্যই হবে।

'বাবা, ব্যথা, খুব কষ্ট' : বার্ন ইউনিটের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) নুসরাত জাহান রাফি মৃত্যুর সঙ্গে লড়ছে। আর বাইরে উৎকণ্ঠা আর শঙ্কা নিয়ে আহাজারি করছে তার স্বজনরা।

গতকাল সকাল সাড়ে ১১টার দিকে বার্ন ইউনিটে গিয়ে দেখা যায়, লবিতে পায়চারি করছেন রাফির বাবা ষাটোর্ধ্ব কাউসার মোহাম্মদ মুসা। পাশেই বড় ছেলে মাহমুদুল হাসান নোমান। পরিচয় দিতেই মুসা বাষ্পরুদ্ধ কণ্ঠে বলে উঠলেন, 'কি আর বলব? আমার মেয়ের কী হবে, শেষ পর্যন্ত প্রিন্সিপাল আমার মেয়েকে পুড়িয়ে মারতে গায়ে আগুন দিল।' আইসিইউর দিকে ইশারা করে তিনি বলেন, 'ওইখানে আমার মেয়ে কি কষ্টে আছে! আমি কাছে যেতেই বলছিল, 'বাবা ব্যথা, খুব কষ্ট।' আমার ভালো মেয়েকে যারা এ হাল করেছে আমি তাদের দৃষ্টান্তমূলক শাস্তি চাই বলেই গুমরে কেঁদে ওঠেন তিনি।

মায়ের লিখিত বক্তব্য : গতকাল সাংবাদিকদের উদ্দেশে একটি লিখিত বক্তব্যে ওই শিক্ষার্থীর মা শিরিন আক্তার দাবি করেছেন, ঘটনার আগে বান্ধবী নিশাতকে মারধরের কথা বলে মাদরাসার এক ছাত্রী তাঁর মেয়েকে মাদরাসার চারতলা ভবনের ছাদে নিয়ে যায়। সেখানে গিয়ে নুসরাত জাহান রাফি দেখে এ রকম কোনো ঘটনা ঘটেনি। সেখানে বোরকা ও নেকাব পরা চারজন অবস্থান করছে। তাদের প্রত্যেকের হাতে মোজা ও চোখে কালো চশমা ছিল। তারা রাফিকে ঘিরে ফেলে অধ্যক্ষের বিরুদ্ধে করা মামলা তুলে নিতে বলে। রাফি তাদের প্রস্তাবে রাজি না হলে তারা একপর্যায়ে তার শরীরে কেরোসিনজাতীয় দাহ্য পদার্থ ঢেলে আগুন ধরিয়ে দিয়ে পালিয়ে যায়।

এদিকে ঘটনার পর রাফির বক্তব্যের যে অডিও পাওয়া গেছে, সেখানে সে বলেছে যে বোরকা ও নেকাব পরা চারজন তাকে ঘিরে ধরেছিল। তাদের মধ্যে একজন কথা বলেছে। সে কণ্ঠটি ছিল মেয়ে কণ্ঠ। আর যে মেয়েটি তাকে ছাদে ডেকে নিয়ে গিয়েছিল তার কণ্ঠ পরিচিত মনে হলেও মুখ ঢাকা থাকায় তাকে সে চিনতে পারেনি।

গতকাল ভোরে রাফির বক্তব্য রেকর্ড করতে বার্ন ইউনিটে আসেন সোনাগাজী থানার একজন উপপরিদর্শক। রাফির বক্তব্য রেকর্ড করলেও এ বিষয়ে তিনি কোনো কিছু বলতে রাজি হননি।

ফেনীর পুলিশ সুপার এস এম জাহাঙ্গীর আলম সরকার কালের কণ্ঠকে বলেন, ঘটনার পরপরই বিষয়টি অত্যন্ত গুরুত্ব দিয়ে তদন্ত চলছে। মেয়েটির বর্ণনা অনুযায়ী ওই চারজন সম্পর্কে খোঁজ নেওয়া হচ্ছে।

প্রধান সন্দেহভাজন হিসেবে আসছে দুজনের নাম : রাফিকে পুড়িয়ে হত্যাচেষ্টার ঘটনায় আর কাউকে আটক করতে পারেনি পুলিশ। গতকাল চট্টগ্রাম রেঞ্জের অতিরিক্ত উপমহাপরিদর্শক (ডিআইজি) আবুল ফয়েজ মাদরাসার ২৫ শিক্ষার্থীকে দীর্ঘ সময় ধরে জিজ্ঞাসাবাদ করেন এবং ঘটনার কারণ ও জড়িতদের বিষয়ে জানার চেষ্টা করেন। পরে তিনি সাংবাদিকদের বলেন, ‘ঘটনার সময় পরীক্ষার হলে উপস্থিত শিক্ষার্থীদের সঙ্গে কথা বলে প্রকৃত ঘটনা জানার চেষ্টা করেছি। এ বিষয়ে পরে গণমাধ্যমকে বিস্তারিত জানানো হবে।’ তিনি বলেন, কিছু আলামত ও তথ্য পাওয়া গেছে। তবে তদন্তের স্বার্থে এসব তথ্য গোপন রাখা হয়েছে।

পুলিশ সূত্রে জানা গেছে, শিক্ষার্থীর জিজ্ঞাসাবাদের সময় এ ঘটনায় সন্দেহভাজন দুটি নাম বারবার উঠে আসে। তারা হলো সোনাগাজীর উত্তর চরচান্দিয়ার দক্ষিণ সরদারবাড়ির আহসান উল্যাহর ছেলে নুরউদ্দিন ও মধ্যম চরচান্দিয়া ভূঞা বাজারের আবদুর রাজ্জাকের ছেলে মো. শাহাদাত হোসেন শামীম। ২০-২১ বছর বয়সী এ দুজন মাদরাসার সাবেক ছাত্র এবং অধ্যক্ষ সিরাজের একান্ত অনুগত হিসেবে পরিচিত। ২৭ মার্চ অধ্যক্ষ গ্রেপ্তার হওয়ার পর তারাই বিক্ষোভ মিছিলে নেতৃত্ব দেয়। তাদের মধ্যে শামীম স্থানীয় ছাত্রলীগ নেতা ও নুরউদ্দিন ছাত্রদল নেতা হিসেবে পরিচিত। তবে উপজেলা ছাত্রলীগের সভাপতি রবিন চৌধুরী ও ছাত্রদল পৌর শাখার সভাপতি নিজাম উদ্দিন এ দুজনের দলীয় সম্পৃক্ততার কথা অস্বীকার করেন।

উল্লেখ্য, কারাহাজতে থাকা অধ্যক্ষ সিরাজ উদ দৌলা জামায়াতের রোকন ছিলেন বলে দলটির বিভিন্ন সূত্রে জানা গেছে। নৈতিক স্খলন, তহবিল তছরুপসহ নানা অভিযোগে তাঁকে দল থেকে বহিষ্কার করা হয়। এর আগে নাশকতার মামলায় তিনি কারাভোগও করেছেন।

এদিকে ঘটনার পরপরই মাদরাসার ইংরেজি বিষয়ের শিক্ষক নুরুল আফসার, আলিম পরীক্ষার্থী আরিফুর রহমান ও অফিস সহায়ক মো. মোস্তফাকে আটক করেছে পুলিশ।

সোনাগাজী থানার ওসি মো. মোয়াজ্জেম হোসেন কালের কণ্ঠকে বলেন, ছাত্রীকে পুড়িয়ে হত্যাচেষ্টার ঘটনায় এখন পর্যন্ত মামলা হয়নি। যাদের আটক করা হয়েছে, তারা এখনো পুলিশ হেফাজতে আছে।

অধ্যক্ষ সাময়িক বরখাস্ত : সোনাগাজী ইসলামিয়া সিনিয়র ফাজিল মাদরাসার একাধিক সূত্র জানায়, গতকাল মাদরাসা পরিচালনা কমিটি সভা করে অধ্যক্ষ সিরাজকে সাময়িক বরখাস্ত করেছে। মাদরাসার আরেক শিক্ষক মাওলানা হোসাইন আহমদকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে।

এ ছাড়া রাফির চিকিৎসার জন্য মাদরাসার পক্ষ থেকে দুই লাখ টাকা অনুদান দেওয়া, জড়িতদের গ্রেপ্তার ও বিচারের মুখোমুখি করতে প্রশাসনকে সহায়তা দেওয়া, মাদরাসায় সিসি ক্যামেরা স্থাপনসহ বেশ কয়েকটি সিদ্ধান্ত নেওয়া হয়।

মাদরাসা পরিচালনা কমিটির সহসভাপতি ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি রুহুল আমীন সাংবাদিকদের বলেন, প্রশাসনের সঙ্গে পরামর্শক্রমে ১৭ এপ্রিল পর্যন্ত শ্রেণি কার্যক্রম বন্ধ রাখা হয়েছে। আর পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত হোস্টেল বন্ধ থাকবে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা সোহেল পারভেজ বলেন, শ্রেণি কার্যক্রম বন্ধ থাকলেও ওই কেন্দ্রে আলিম পরীক্ষা যথারীতি চলবে।

মন্তব্য

0 Comments Sort by Newest


Add a comment...

Facebook Comments Plugin

Like Share 111 টুইট


কেমন ছিল দিতি-সোহেল চৌধুরীর সংসার জীবন! |...


বাবা-মেয়ের যৌনদৃশ্য ভিডিও করেছিলেন মা! |...



বুকটাই কি আমার সব নাকি! : আলিয়া | কালের কণ্ঠ


সেক্সের পর কান্না, নারী-পুরুষের জন্যে মোটেও লজ্জার...


ছেলেটি ভার্জিন যেভাবে বুঝে নেন মেয়েরা | কালের কণ্ঠ


নিমন্ত্রণে নতুন বউ | কালের কণ্ঠ


ছেলেদের যেদিকে নজর মেয়েদের | কালের কণ্ঠ


ক
আ
কা

ntho&utm_medium=referral&utm_content=thumbnails-a:Below Article Thumbnails:)
ntho&utm_medium=referral&utm_content=thumbnails-a:Below Article Thumbnails:)
## You May Like

(http://tops.easyvoyage.co.uk/plane-jungle/?utm_source=taboola&utm_campaign=desktop-junglecrash-ww&utm_medium=cpc&utm_content=eastwestmedia-kalerkantho)

### Found after 68 years in the jungle, but when they look inside...

**easyvoyage**

(http://tops.easyvoyage.co.uk/plane-jungle/?utm_source=taboola&utm_campaign=desktop-junglecrash-ww&utm_medium=cpc&utm_content=eastwestmedia-kalerkantho)
(http://rzwuwrz.com/path/lp.php?trvid=10011&trvx=4b092f5b&campid=%7Bcampaign%7D&creaid=https%3A%2F%2Fconsole.brax-cdn.com%2Fcreatives%2F08e05a9a-eb2b-4cf4-97b5-01fd088bdbc0%2F4_1000x600_0e1ba2481b3b466433ae0a6407d769ba.png&siteid=eastwestmedia-kalerkantho&titlex=These+SUVs+Will+Soon+Be+Worthless+%E2%80%93+SUVs+Plummeting+In+Value&utm_source=taboola&utm_campaign=2036707&utm_m
kalerkantho&utm_content=https%3A%2F%2Fconsole.brax-cdn.com%2Fcreatives%2F08e05a9a-eb2b-4cf4-97b5-01fd088bdbc0%2F4_1000x600_0e1ba2481b3b466433ae0a6407d769ba.png__These+SUVs+Will+Soon+Be+Worthless+%E2%80%93+SUVs+Plummeting+In+Val
SUV-PLUM-DT-FR&utm_medium=eastwestmedia-kalerkantho)

### These SUVs Will Soon Be Worthless – SUVs Plummeting In Value

**suvsite.net**

(http://rzwuwrz.com/path/lp.php?trvid=10011&trvx=4b092f5b&campid=%7Bcampaign%7D&creaid=https%3A%2F%2Fconsole.brax-cdn.com%2Fcreatives%2F08e05a9a-eb2b-4cf4-97b5-01fd088bdbc0%2F4_1000x600_0e1ba2481b3b466433ae0a6407d769ba.png&siteid=eastwestmedia-kalerkantho&titlex=These+SUVs+Will+Soon+Be+Worthless+%E2%80%93+SUVs+Plummeting+In+Value&utm_source=taboola&utm_campaign=2036707&utm_m
kalerkantho&utm_content=https%3A%2F%2Fconsole.brax-cdn.com%2Fcreatives%2F08e05a9a-eb2b-4cf4-97b5-01fd088bdbc0%2F4_1000x600_0e1ba2481b3b466433ae0a6407d769ba.png__These+SUVs+Will+Soon+Be+Worthless+%E2%80%93+SUVs+Plummeting+In+Val
SUV-PLUM-DT-FR&utm_medium=eastwestmedia-kalerkantho)
(http://www.viralxfiles.com/20-of-the-worlds-scariest-bridges/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=092_VXF_Bridges_t4_all&utm_content=86250957)

### The World's Scariest Bridges

**Viral X Files**

(http://www.viralxfiles.com/20-of-the-worlds-scariest-bridges/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=092_VXF_Bridges_t4_all&utm_content=86250957)
(https://www.tips-and-tricks.co/home-and-garden/sea-containers-home/?utm_campaign=CHRYcontainerWWK2&utm_source=Taboola&utm_medium=native&utm_term=eastwestmedia-kalerkantho)

## The inside of this home made out of sea containers is amazing

**Tips and Tricks**

(https://www.tips-and-tricks.co/home-and-garden/sea-containers-home/?utm_campaign=CHRYcontainerWWK2&utm_source=Taboola&utm_medium=native&utm_term=eastwestmedia-kalerkantho)
(http://www.organicwelcome.com/knee-and-joint-pain/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=017_org_9drinkseliminatekneepain_world&utm_content=197564536)

## 9 Drinks to Help Eliminate Knee and Joint Pain Naturally

**Organic Welcome**

(http://www.organicwelcome.com/knee-and-joint-pain/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=017_org_9drinkseliminatekneepain_world&utm_content=197564536)
(http://www.foodprevent.com/if-you-eat-3-dates-everyday-for-1-week-this-is-what-happens-to-your-body/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=337_MF_Dates_t4_all&utm_content=151432570)

## If You Eat 3 Dates Everyday For 1 Week This Is What Happens To Your Body

**Food Prevent**

(http://www.foodprevent.com/if-you-eat-3-dates-everyday-for-1-week-this-is-what-happens-to-your-body/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=337_MF_Dates_t4_all&utm_content=151432570)
(http://hhdresearch.org/eat-4-almonds-a-day/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=247_hhd_4almonds_world&utm_content=162637964)

## If You Eat 4 Almonds Everyday Then This Will Happen to Your Body

**Health & Human Research**

(http://hhdresearch.org/eat-4-almonds-a-day/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=247_hhd_4almonds_world&utm_content=162637964)
(http://www.relocationtarget.com/11-most-isolated-places/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=319_relo_mostisolatedplaces_T3&utm_content=171004755)

## 11 Most Isolated Places At The End Of The Earth

**Relocation Target**

(http://www.relocationtarget.com/11-most-isolated-places/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=319_relo_mostisolatedplaces_T3&utm_content=171004755)

ফটো গ্যালারি (http://www.kalerkantho.com/photo-gallery/)



[বিদায়ী ভারতীয় হাইকমিশনার শ্রিংলা](http://www.kalerkantho.com/phot)
(http://www.kalerkantho.com/phot



[শীতের আগমনী](http://www.kalerkantho.com/phot)
(http://www.kalerkantho.com/phot




[ভিকারুননিসার শিক্ষার্থীদের বিক্ষোভ](http://www.kalerkantho.com/phot)
(http://www.kalerkantho.com/phot

সম্পাদক : ইমদাদুল হক মিলন, নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল, ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্রধান কার্যালয় : প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ ও সুপ্রভাত মিডিয়া লিমিটেড ৪ সিডিএ বাণিজ্যিক এলাকা, মোমিন রোড, চট্টগ্রাম-৪০০০ থেকে মুদ্রিত। পিএবিএক্স : ০৯৬১২১২০০০০, ৮৪৩২৩৭২-৭৫, বার্তা বিভাগ ফ্যাক্স : ৮৪৩২৩৬৮-৬৯, বিজ্ঞাপন ফোন : ৮৪৩২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮৪৩২০৪৭, সার্কুলেশন : ৮৪৩২৩৭৬। E-mail : info@kalerkantho.com

Copyright © 2015-2019 kalerkantho.com